

৪.১ অর্পিত সম্পত্তির লিজ নবায়ন:

সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস বা জেলা প্রশাসকের কার্যালয়ে লিজ নবায়নের আবেদন প্রাপ্তির পর উপজেলার ক্ষেত্রে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/সার্ভেয়ার পৌরসভা/সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে কানুনগো/সার্ভেয়ার দ্বারা সরজমিন তদন্ত করে প্রতিবেদন নেওয়া হয়। প্রয়োজন হলে শুনানি নেওয়া হয়। পরবর্তীতে প্রস্তাব তৈরি এবং তা অনুমোদনের জন্য উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার পৌরসভা বা সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে জেলা প্রশাসকের অনুমোদন গ্রহণ করা হয়। অনুমোদনের পর লিজমানি পরিশোধের জন্য লিজ গ্রহীতাকে পত্র দেওয়া হয়। অতঃপর ধার্যকৃত লিজমানি আদায় এবং নথি সংরক্ষণ করা হয়।

সেবা প্রাপ্তি সময়: সাধারণত ২০-২৫ দিন

প্রয়োজনীয় ফি:

১। আবেদনের সঙ্গে কোর্ট ফি -২০/- টাকা।

প্রতি শতাংশ জমির ইজারা মূল্য- (সরকার কর্তৃক নির্ধারিত প্রজ্ঞাপন বা আদেশের মাধ্যমে পরিবর্তিত ধার্যকৃত ফি)

উপজেলার ক্ষেত্রে	পৌর এলাকার ক্ষেত্রে	সিটিকর্পোরেশন এলাকার ক্ষেত্রে (ঢাকা ব্যতিত)	সিটি কর্পোরেশন এলাকা (ঢাকা উত্তর ও দক্ষিন)
১। কৃষি জমি- ২০/-	১। কৃষি জমি- ৫০/-	১। অকৃষি জমি- ৩৮৪/-	১। অকৃষি জমি- ৫৬০/-
২। অকৃষি জমি-৮০/-	২। অকৃষি জমি-২০০/-	৩। শিল্প/বানিজ্যিক-৪৮০/-	৩। শিল্প/বানিজ্যিক-৭০০/-
৩। শিল্প/বানিজ্যিক-১২০/-	৩। শিল্প/বানিজ্যিক-২৫০/-	৪। আবাসিক-৩৯/- (বর্গফুট)	৪। আবাসিক-৫৬/- (বর্গফুট)
৪। আবাসিক-৬/- (বর্গফুট)	৪। আবাসিক-১৫/- (বর্গফুট)		

সেবা প্রাপ্তির স্থান: ১। উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস; ২। জেলা সদরের পৌরসভা/সিটি কর্পোরেশন এলাকার জমির ক্ষেত্রে জেলা প্রশাসকের কার্যালয়।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: ১। সহকারী কমিশনার (ভূমি); ২। উপজেলা নির্বাহী অফিসার; ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব);

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। লীজ নবায়নের জন্য আবেদনপত্র;
- ২। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র;
- ৩। আবেদনের সঙ্গে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি;
- ৪। পূর্বে লিজ মানি প্রদানের রশিদের কপি।

সেবা প্রাপ্তির শর্তাবলি: লিজের শর্তাদি প্রতিপালন

সংশ্লিষ্ট আইন ও বিধি:

- ১। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০৯।
- ২। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০।
- ৩। ভূমি মন্ত্রণালয়ের ০৩ ডিসেম্বর ২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০২.১৬-৬১৯ নম্বর পরিপত্র।

সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা: জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

সেবার নাম: অর্পিত সম্পত্তির নিজ নবায়ন/বন্দোবস্ত

ধাপ সংখ্যা: ১১ টি
সম্পূর্ণ জলবল: ৫-৭ জন
সময়: ২০-২৫ কার্যদিবস

